

স্বাস্থ্য

হাম উপসর্গে আরও একজনের মৃত্যু, নতুন আক্রান্ত ৮৯৬



প্রতিবেদক: Dhaka Probe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গে দেশে আরো এক শিশুর মৃত্যু হয়েছে। এ সময় নতুন করে আরও ৮৯৬ জন আক্রান্ত হয়েছেন।

সোমবার (১৩ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামরোগী শনাক্ত হয়েছে ১১৩ জন। এখন পর্যন্ত মোট নিশ্চিত হামরোগীর সংখ্যা বেড়ে হয়েছে ১৩ হাজার ৬১৩ জন।

গত ১৫ মার্চ থেকে ১৩ জুলাই পর্যন্ত দেশে মোট সন্দেহজনক হামরোগীর সংখ্যা দাঁড়িয়েছে এক লাখ ১২ হাজার ৩৭৬ জনে।

১৫ মার্চ থেকে ১৩ জুলাই পর্যন্ত সন্দেহজনক হাম রোগে হাসপাতালে ভর্তি হয়েছেন ৯৫ হাজার ১৯৬ জন। একই সময়ে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন ৯১ হাজার ৪৮৩ জন।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, এখন পর্যন্ত সন্দেহজনক হামে মোট মৃত্যু হয়েছে ৬৬৫ জনের। এছাড়া নিশ্চিত হামে এ পর্যন্ত মারা গেছেন ৯৪ জন।

এ বিভাগের আরও খবর



ডেঙ্গুতে এক দিনে রেকর্ড ১০ মৃত্যু
গত ২৪ ঘণ্টায় সারা দেশে ডেঙ্গুতে রেকর্ড ১০ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে নতুন করে ভর্তি হয়েছেন ১ হাজার ৯৯৬ জন।



ডেঙ্গুতে মৃত্যু আরও ৯, হাসপাতালে নতুন ভর্তি ১৯০২ জন
প্রতিদিন ডেঙ্গু আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা বাড়ছে। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ৯ জনের মারা গেছে। একই সময়ে ডেঙ্গুতে আক্রান্ত হ...



হাম উপসর্গে আরও ৩ জনের মৃত্যু
হামের প্রকোপ এখনো বাড়ছে। সারাদেশে ২৪ ঘণ্টায় হাম উপসর্গে মারা গেছে ৩ জন। একই সাথে সারা দেশে মোট ১ হাজার ৩৫৬ জন আক্রান্ত হয়েছে। গত ১৫ মার্চ থে...



সরকারি হাসপাতালের ৬২ শতাংশ অক্সিজেন প্লাস্টিক অকার্যকর
দেশের সরকারি হাসপাতালগুলোতে স্থাপিত ৯৯টি অক্সিজেন প্লাস্টিক ৬১টিই অকার্যকর। বর্তমানে চালু আছে ৩৮টি। অর্থাৎ সরকারি হাসপাতালের প্রায় ৬২ শতাংশ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পাড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/health/ham-upsrge-aro-ekjner-mritju-ntun-akrant-896>